

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন

জেলা: ফেনী

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		
তারিখ : ০৪ আগস্ট, ২০১৯ বুলেটিন নং ৬৫	০৪ আগস্ট হতে ০৮ আগস্ট, ২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন	

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি (৩১ জুলাই হতে ৩ আগস্ট, ২০১৯ তারিখ পর্যন্ত)

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	৩১ জুলাই	১ আগস্ট	২ আগস্ট	৩ আগস্ট	সীমা
বৃষ্টিপাত (মি.মি)	২.০	১.০	০.০	৩.০	০.০-৩.০ (৬.০)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২.৮	৩৩.৬	৩৩.৬	৩২.৮	৩২.৮-৩৩.৬
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪.৫	২৫.৩	২৫.৪	২৫.৪	২৪.৫-২৫.৪
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৪.০-৯৩.০	৬৬.০-৯৩.০	৬৭.০-৯৫.০	৮১.০-৯৭.০	৬৪.০-৯৭.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১.৯	৩.৭	১.৯	৩.৫	১.৯-৩.৭
মেঘের পরিমাণ (অঙ্ক)	৫	৬	৭	৫	৫-৭
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৫ দিনের আবহাওয়ার পূর্বাভাস
০৪ আগস্ট হতে ০৮ আগস্ট, ২০১৯ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মিমি)	০.০-৭৭.০ (৯২.১)
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩০.৯-৩২.৮
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৫.৩-২৬.৮
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮৩.০-৯৫.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৫.০-১১.১
মেঘের পরিমাণ (অঙ্ক)	মেঘাচ্ছন্ন আকাশ
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

দন্ডায়মান ফসলের স্তর

ফসল	স্তর
আমন ধান	বীজতলা/চারারোপন
আউশ ধান	কাইচখোড় থেকে ফুল পর্যায়
সবজি	বাড়ন্ত/ফলধরা/সংগ্রহ

কৃষি আবহাওয়া পরামর্শ:

সম্প্রতি এ জেলা বন্যা দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে। দন্ডায়মান ফসল, গবাদি পশু, হাঁসমুরগী ও মাছের ওপর বন্যার ক্ষতিকর প্রভাব কমিয়ে আনতে নিম্নলিখিত পরামর্শসমূহ দেওয়া হলো:

১. উঁচু জমিতে সম্মিলিতভাবে বীজতলা তৈরি করতে হবে। চারার জন্য স্থানীয় জাত নির্বাচন করতে হবে। আগষ্টের প্রথম সপ্তাহের মধ্যে এই চারা রোপণ করতে হবে।
২. জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করতে হবে। মূল জমির পানি নেমে গেলে চারা রোপণ করতে হবে। যত দ্রুত সম্ভব স্বল্প মেয়াদী জাত (ব্রি ধান-৩৩, ব্রি ধান-৩৯, ব্রি ধান-৬২, ব্রি ধান-৬৬, ব্রি ধান-৭১, ব্রি ধান-৭৫) কিংবা মধ্য মেয়াদী জাত (বিআর -২৫, ব্রি ধান-৩৪, ব্রি ধান-৩৭, ব্রি ধান-৩৮, ব্রি ধান-৪৯, ব্রি ধান- ৫২, ব্রি ধান-৭০, ব্রি ধান-৭২, ব্রি ধান-৭৯, ব্রি ধান-৮০) এর বীজ নিয়ে বীজতলায় চারা তৈরি করতে পরামর্শ দেয়া হলো।
৩. আলোক অসংবেদনশীল এবং স্বল্পমেয়াদী জাত (বিনা ধান-০৭, বিনা ধান-১৬, বিনা ধান-১৭) সরাসরি বপনের পরামর্শ দেয়া হলো।
৪. পুনরায় বন্যা পরিস্থিতি এবং ভারী বৃষ্টিপাত থেকে উত্তরণের জন্য জলমগ্ন সহিষ্ণু জাতের ধান নির্বাচন করতে হবে (ব্রি ধান-৫১, ব্রি ধান-৫২, ব্রি ধান-৭৯, বিনা ধান-১১, বিনা ধান-১২)।
৫. পাটের জন্য জলাবদ্ধতা ক্ষতিকর, জমিতে পানি জমে থাকলে নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
৬. সবজির জমি থেকে পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
৭. বন্যার পানি সরে যাওয়ার পর আগাম শীতকালীন সবজির চাষ শুরু করুন।
৮. গবাদি পশুকে পচে যাওয়া ঘাস খাওয়ানো থেকে বিরত থাকুন। সবুজ ঘাস এবং ভিটামিন ও খনিজ লবন সমৃদ্ধ খাবার দিতে হবে।
৯. বিভিন্ন রোগ থেকে রক্ষার জন্য গবাদী পশুকে টীকা দিন।
১০. গবাদীপশুকে উঁচু জায়গায় রাখুন।
১১. গবাদীপশুর জন্য পর্যাপ্ত পরিমাণে পরিষ্কার এবং বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখুন।
১২. বন্যার পানি প্রবাহিত হচ্ছে এমন জায়গায় থেকে গবাদী পশুকে দূরে রাখুন।
১৩. বন্যার কর্দমাক্ত পানির কারণে পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, তাই বাঁশ দিয়ে পুকুরের পানি নেড়ে দিতে হবে।
১৪. পরিবর্তিত আবহাওয়াতে হাঁস-মুরগীর ভাইরাস জনিত রোগ দেখা দিতে পারে। সেজন্য বিশুদ্ধ খাবার পানির পর্যাপ্ত ব্যবস্থা এবং খামার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। হাঁস- মুরগীকে খনিজসমৃদ্ধ খাবার দিতে হবে।